



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

২০২১ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সময়সূচি

স্মারক নং-পনি/মাধ্য/১৪/৫৪

তারিখ : ২৮-০৯-২০২১ খ্রিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২১ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

বিষয় ও সময় সকাল ১০টা থেকে ১১:৩০ টা পর্যন্ত	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয় ও সময় বিকাল ২টা থেকে ৩:৩০ টা পর্যন্ত	বিষয় কোড
১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)	১৩৬	১৪-১১-২০২১ রবিবার	×	×
১। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা	১৫৩	১৫-১১-২০২১ সোমবার	১। হিসাব বিজ্ঞান	১৪৬
১। রসায়ন (তত্ত্বীয়)	১৩৭	১৬-১১-২০২১ মঙ্গলবার	×	×
১। শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়)	১৩৩	১৮-১১-২০২১ বৃহস্পতিবার	×	×
১। ভূগোল ও পরিবেশ	১১০	২১-১১-২০২১ রবিবার	৩। ফিন্যান্স ও ব্যাংকিং	১৫২
১। উচ্চতর গণিত (তত্ত্বীয়)	১২৬	২২-১১-২০২১ সোমবার	×	×
২। জীব বিজ্ঞান (তত্ত্বীয়)	১৩৮			
১। পৌরনীতি ও নাগরিকতা	১৪০	২৩-১১-২০২১ মঙ্গলবার	৩। ব্যবসায় উদ্যোগ	১৪৩
২। অর্থনীতি	১৪১			

বিশেষ নির্দেশাবলী

- ১। কোভিড-১৯ অতিমারির কারণে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ২। পরীক্ষা শুরু ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
- ৩। পরীক্ষার সময় ০১ ঘণ্টা ৩০ মিনিট
MCQ এবং CQ উভয় অংশের পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
(ক) সকাল ১০.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে
সকাল ০৯.৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ।
সকাল ১০.০০ টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।
সকাল ১০.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।
(২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় ১০.২৫ মি.)
(খ) দুপুর ০২.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে
দুপুর ০১.৩০ মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ।
দুপুর ০২.০০ টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।
দুপুর ০২.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।
- ৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।
- ৫। ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়ে এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করবে। প্রতিষ্ঠান নিজ নিজ পরীক্ষার্থীর ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বর প্রদান করে নম্বরসমূহ ২৮-১১-২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।
- ৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- ৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) বহুনির্বাচনি ও ব্যবহারিক খাতা (নোটবুক) এর নম্বরের অংশে পৃথকভাবে পাস করতে হবে।
- ৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবল রেজিস্ট্রেশন ও প্রবেশপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৯। কোন পরীক্ষার্থী পরীক্ষা { সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি } নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।
- ১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।
- ১১। কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না। শুধুমাত্র কেন্দ্র সচিব ফিচার ফোন (স্মার্ট ফোন ব্যতীত) ব্যবহার করতে পারবেন।
- ১২। সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) ও বহুনির্বাচনি পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।
- ১৩। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃ নিরীক্ষার জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

(প্রফেসর মাধব চন্দ্র রানা)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

মোবা : ০১৭৩৩-২২২০০৩

ই-মেইল: controller@jessoreboard.gov.bd

স্মারক নং-পনি/মাধ্য/১৪/৫৪

তারিখ : ২৮-০৯-২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ০৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর
- ০৫। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/মাগুরা/বিনাইদহ/নড়াইল/কুষ্টিয়া/মেহেরপুর/ চুয়াডাঙ্গা
- ০৬। পুলিশ সুপার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/মাগুরা/বিনাইদহ/নড়াইল/কুষ্টিয়া/মেহেরপুর/ চুয়াডাঙ্গা
- ০৭। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ০৮। জেলা শিক্ষা অফিসার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/মাগুরা/বিনাইদহ/নড়াইল/কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের অধীন সকল উপজেলা
- ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের অধীন সকল উপজেলা
- ১১। কেন্দ্র সচিব, অত্র বোর্ডের অনুমোদিত সকল মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র
- ১২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের অধীন সকল মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
- ১৩। এ বোর্ডের সকল অফিসার/সেকশন অফিসারবৃন্দ

(মোঃ ফজলুর রহমান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০৪২১-৬৫৫১০